

**উত্তরপত্র / লেকচার -২ (১৩.৬.২০)**
**ক) এক বাক্যে উত্তর লিখ।**

১. বাওয়ালি কাদের বলা হয়?

উত্তর: সরকারের অনুমতি নিয়ে সুন্দরবন থেকে যারা গোলপাতা সংগ্রহ করেন তাদেরকে বাওয়ালি বলা হয়।

২. বাওয়ালিদের কাজ কী?

উত্তর: বাওয়ালিদের কাজ হলো গোলপাতা সংগ্রহ করা।

৩. বাওয়ালী ও মৌয়ালরা কোথায় বাস করেন?

উত্তর: বাওয়ালী ও মৌয়ালরা সুন্দরবনের অনেক দূরের গ্রামে বাস করেন।

৪. বাওয়ালিরা কীভাবে ঘর তৈরি করে?

উত্তর: বাওয়ালিরা রাতের বেলা হিংস্র জন্তুদের হাত থেকে বাঁচার জন্য কখনও কখনও বনের ধার ঘেঁষে ৫-৬ ফুট উঁচুতে গাছের মধ্যে কাঠ বা বাঁশের মঞ্চ তৈরি করে তার উপর ঘর বাঁধে।

৫. কারা লবনাক্ত পানি খেতে পারে না?

উত্তর: মানুষ লবনাক্ত পানি খেতে পারে না।

৬. বাওয়ালিরা সাথে কী রাখেন?

উত্তর: বাওয়ালিরা সাথে পানির ছোট ছোট পাত্র রাখেন।

৭. বাওয়ালিদের তৈরি ঘরকে কী বলে?

উত্তর: বাওয়ালিদের তৈরি ঘরকে টং ঘর বলে।

**খ) যুক্তবর্ণ লিখ।**

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ন্ম	ন+ম	জন্ম, আজন্ম	নিজেরা বাক্য তৈরি করবেন
ঙ্গ	ঙ+গ	বঙ্গ, বঙ্গোপসাগর	”
ন্দ	ন+দ	আনন্দ, মন্দ	”
ক্র	ক+্র(র-ফলা)	শুক্রেবার, বিক্রয়	”
ঙ্ক	ঙ+ক	অঙ্ক, আতঙ্ক	”
ম্ভ	ম+ভ	দম্ভ, সম্ভব	”
স্থ	স+থ	আস্থা, অস্থির	”
ন্ত	ন+ত	কিস্ত, জন্ত	”
ক্ত	ক+ত	রক্ত, বিরক্ত	”
ম্ব	ম+ব	সম্বল, কম্বল	”
দ্ধ	দ+ধ	বদ্ধ, যুদ্ধ	”
দ্ভ	দ+ভ	অদ্ভুত, কিদ্ভুত	”

**Class:** চতুর্থ শ্রেণি

**Prepared by:** আফরোজা তাসনিম (নিপা)

**Subject:** বাংলা ১ম

**Topic:** বাওয়ালিদের গল্প

গ) সংক্ষিপ্ত প্রশ্নোত্তর লিখ।

১. বাওয়ালি ও মৌয়ালদের কাজ সম্পর্কে লিখ।

**উত্তর:** বাওয়ালিদের কাজ খুব কষ্টের হয়। বাওয়ালিরা সুন্দরবন থেকে গোলপাতা সংগ্রহ করে এবং সেগুলো বিক্রি করে অর্থ উপার্জন করেন। বাওয়ালিরা শুকনো মৌসুম অর্থাৎ অক্টোবর-ফেব্রুয়ারি মাসে গোলপাতা সংগ্রহ করেন।

মৌমাছিয়া গাছে গাছে তাদের মৌচাক বানায়। মৌয়ালরা সেই মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের এবং সংগ্রহ করা মধু বিক্রি করে অর্থ আয় করেন।

২. সুন্দরবন থেকে মানুষ কীভাবে অর্থ উপার্জন করে? দুটো পদ্ধতি লিখ।

**উত্তর:** সুন্দরবন থেকে কেউ গোলপাতা সংগ্রহ করে এবং সেগুলো বিক্রি করে অর্থ উপার্জন করে আবার কেউ মৌচাক থেকে মধু সংগ্রহ করেন, তাদের এবং সংগ্রহ করা মধু বিক্রি করে অর্থ উপার্জন করেন।

ঘ) বড় প্রশ্ন (নিচের অংশ থেকে ধারণা নিয়ে নিজের মতো বুঝে বানিয়ে লিখ)।

১. সুন্দরবনের মানুষদের জীবিকা ও জীবন যাপনের বর্ণনা দাও/ মৌয়াল ও বাওয়ালিদের জীবনযাপন সম্পর্কে লিখ।

**উত্তর:** সুন্দরবনের পাশের গ্রামের মানুষরা খুব কষ্টে জীবনযাপন করেন। তারা নানা পেশায় জড়িত। কেউ কৃষিকাজ করেন, কেউ সুন্দরবন থেকে মধু সংগ্রহ করেন আবার কেউবা গোলপাতা সংগ্রহ করে সেগুলো বিক্রি করে নিজেদের সংসার চালান।

এদের মধ্যে মৌয়াল ও বাওয়ালিদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করতে হয়। যখন তারা পাতা বা মধু সংগ্রহ করতে যান তখন অনেক সময় তারা রাতে বাড়ি ফিরতে পারেন না। তখন রাতের বেলা হিংস্র জন্তুরা তাদের আক্রমণ করতে পারে তাই তারা ঝুঁকি নিয়ে কখনও কখনও নদীর মাঝখানে নৌকার মধ্যে রাত কাটান আবার কখনও গাছের ডালে উঁচুতে বানানো টং ঘরে থাকেন।

২. বাওয়ালিদের কাছে কোনটি বেশি মূল্যবান, খাবার না খাবার পানি? এবং কেন?

**উত্তর:** কাজ করার সময় বাওয়ালিদের জন্য সবচেয়ে মূল্যবান জিনিস হলো পানি। কেননা সুন্দরবনের মধ্য দিয়ে বয়ে চলা নদীর পানি লবণাক্ত হওয়ায় সেই পানি খাওয়া সম্ভব নয়। তাই বাওয়ালিদের সাথে খাবার পানির ছোট ছোট পাত্র রাখতে হয়। এবং সেই পানি তারা খুব সাবধানে ব্যবহার করেন। একটুও অপচয় করেন না। কারণ পানি শেষ হলে সুন্দরবনে মানুষের খাওয়ার মত কোন বিশুদ্ধ পানি সহজেই পাওয়া যায় না।

খাবার খাওয়া ছাড়া মানুষ বাঁচতে পারে কিন্তু খাবার পানি ছাড়া বেশিক্ষণ বাঁচা সম্ভব নয়। তাই সুন্দরবনে কাজ করার সময় বাওয়ালিদের কাছে খাবার চেয়ে খাবার পানির মূল্য সবচেয়ে বেশি।

৩. বাওয়ালি কারা? বাওয়ালিদের কাজ এত বিপজ্জনক কেন?

**উত্তর:** সরকারের অনুমতি নিয়ে সুন্দরবন থেকে যারা গোলপাতা সংগ্রহ করেন তাদেরকে বাওয়ালি বলা হয়।

বাওয়ালিদের কাজ খুব কষ্টের হয়। যখন তারা পাতা সংগ্রহ করতে যান তখন তাদের সাথে খাবার পানির ছোট ছোট পাত্র রাখতে হয়। এবং সেই পানি তারা খুব সাবধানে ব্যবহার করেন। একটুও অপচয় করেন না। কারণ পানি শেষ হলে সুন্দরবনে মানুষের খাওয়ার মত কোন বিশুদ্ধ পানি সহজে পাওয়া যায় না।

আন্যদিকে রাতের বেলা হিংস্র জন্তুরা তাদের আক্রমণ করতে পারে তাই তারা কখনও কখনও নদীর মাঝখানে নৌকার মধ্যে রাত কাটান আবার কখনও টং ঘরে থাকেন। এজন্য বাওয়ালিদের কাজ খুব বিপজ্জনক।